



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/17/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর ক্যাথি হোকল এবং অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমসের বিবৃতি

Instagram তার প্ল্যাটফর্মে অপ্ৰাপ্তবয়স্কদের জন্য নতুন নিরাপত্তা বৈশিষ্ট্য চালু করবে এই খবরের পরে, গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস যৌথভাবে নিম্নলিখিত বিবৃতি প্রকাশ করেছেন:

“আমাদের শিশুরা আসক্তিমূলক সোশ্যাল মিডিয়া ফিডের দ্বারা উদ্দীপিত হয়ে একটি মানসিক স্বাস্থ্য সংকটের সম্মুখীন হচ্ছে – এবং আজ Instagram দ্বারা ঘোষিত পরিবর্তনগুলি প্রমাণ করে যে নিউ ইয়র্কের দেশের অগ্রগণ্য আইন ইতিমধ্যেই অনলাইনে শিশুদের সুরক্ষার জন্য একটি শক্তিশালী প্রভাব ফেলছে।

জুন মাসে, আমরা শিশুদের জন্য SAFE আইন (শিশুদের জন্য স্টপ অ্যাডিক্টিভ ফিড এক্সপ্লোয়েটেশন, Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন প্রণয়ন করেছি – যা নিউ ইয়র্কে অপ্ৰাপ্তবয়স্কদের জন্য আসক্তিমূলক ফিড সীমাবদ্ধ করতে এবং গভীর রাতের বিজ্ঞপ্তি বন্ধ করার জন্য আমাদের দেশের মধ্যে প্রথম এরকম আইন। মাত্র তিন মাস পরে, Instagram বলেছে যে এটি অভিভাবকদের জন্য আরও সতর্কতা অবলম্বনের সরঞ্জাম তৈরি করার পাশাপাশি দেশব্যাপী সমস্ত অপ্ৰাপ্তবয়স্কদের জন্য গভীর রাতের বিজ্ঞপ্তিগুলি বন্ধ করবে। দৃঢ় এবং বিচক্ষণ পদক্ষেপ নেওয়ার মাধ্যমে, নিউ ইয়র্ক নিশ্চিত করতে সহায়তা করেছে যে সারা দেশে লক্ষ লক্ষ শিশুর অধিকতর সুরক্ষা থাকবে।

আরও স্পষ্ট করে বললে - অনলাইনে শিশুদের সুরক্ষিত করার জন্য আমাদের লড়াই শেষ হয়নি এবং Instagram-এর ঘোষণাটি সঠিক দিকে একটি পদক্ষেপ মাত্র। শিশুদের জন্য SAFE আইন আসক্তি উদ্রেককারী অ্যালগোরিদমগুলির বিরুদ্ধেও লড়াই করবে এবং শিশু ডেটা সুরক্ষা আইন (Child Data Protection Act), অনলাইন সাইটগুলি থেকে আমাদের শিশুদের ডেটা সংগ্রহ ও বিক্রয়কে সীমাবদ্ধ করবে। Instagram সহ - প্রতিটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মকে - নিউ ইয়র্কের এই নিয়মগুলি মেনে চলতে হবে, ঠিক যেমনটি সারা দেশে হওয়া উচিত। আমরা আমাদের শিশুদের রক্ষা করার জন্য লড়াই করা বন্ধ করব না – এবং আমরা এই গুরুত্বপূর্ণ কাজটি চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)